দৈনিক খবর

তারিখ ... 16 MAY 1990
পৃষ্ঠা ... ৬ ... কলাম ... ৪ ...

52

## ডিগ্রী পরীক্ষা।। নকল করতে না দেয়ায় শিক্ষক লাঞ্ছিত

উলিপুর (কুড়িগ্রাম), ১৫ই মে (সংবাদদাতার ফোন)।- আজ এখানে ডিগ্রী পরীক্ষার চতুর্থ দিনে রাষ্ট্র বিজ্ঞান পরীক্ষায় নকল করতে না দিলে জনৈক কলেজ শিক্ষককে দৈহিক নির্যাতন করা হয়।

জানা গেছে, পরীক্ষা শুরুর ঘন্টাখানেক পর ছাত্ররা বই খুলে নকল করতে চায়। কর্তব্যরত শিক্ষকরা এতে বাধা দিলে একজন শিক্ষককে তারা পার্শবর্তী একটি পুকুরে নিয়ে চুবায়। পুলিশের হস্তক্ষেপে পরিস্থিতি নিয়ন্ত্রণে আসে।

প্রায় এক চতুর্থাংশে পরীক্ষার্থী পরীক্ষার খাতা জমা না দিয়ে হল ত্যাগ করে। এ ঘটনায় আজকের পরীক্ষা বন্ধ হয়ে যায়। আগামীতে এ কেন্দ্রে পরীক্ষা হবে কি না তা এখনো স্পষ্ট নয়। অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক) পরীক্ষা কেন্দ্র পরিদর্শন করেন। উল্লেখ্য, এ কেন্দ্রে ৩শ' ৩৬ জন পরীক্ষার্থী। এরমধ্যে গত ৩ দিনে ৩ জন বহিষ্কার হয়েছে।